

প্রেস রিলিজ

ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টলাইজার প্রকল্পে প্রথম ইউরিয়া ড্রপিং কার্যক্রম

উপলক্ষ্যে মাননীয় শিল্প মন্ত্রী মহোদয়ের প্রকল্প এলাকা পরিদর্শন।

গত ১৩ অক্টোবর, ২০২৩ খ্রি. রোজ শুক্রবার ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টলাইজার প্রকল্পের প্রথম ইউরিয়া ড্রপিং কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করার জন্য শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি প্রকল্প এলাকায় আগমন করেন। বহুল প্রতিক্ষীত ইউরিয়া ড্রপিং কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করার জন্য ডা. আনোয়ারুল আশরাফ খান এমপি, মাননীয় সংসদ সদস্য, নরসিংদী-২, শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব জাকিয়া সুলতানা ও সংস্থার চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয় জনাব মো: সাইদুর রহমান উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে স্থানীয় প্রশাসন ও পুলিশের সিনিয়র কর্মকর্তাসহ জিপিইউএফপি এবং জিপিএফপিএলসি'র উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। উল্লেখ্য নির্ধারিত সময়ের আড়াই মাস আগেই পরিক্ষামূলকভাবে ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টলাইজার প্রকল্পে ইউরিয়া সার উৎপাদন শুরু হয়েছে। সাধারণ ঠিকাদরের সাথে (MHI & CC7) চুক্তির নির্ধারিত সময়ের আগেই প্রকল্পটি পরিক্ষামূলকভাবে ইউরিয়া সার উৎপাদনে যাওয়ার কারণে মাননীয় শিল্প মন্ত্রী মহোদয় প্রকল্প পরিচালক জনাব মো: রাজিউর রহমান মল্লিক সহ প্রকল্পে কর্মরত সকল কর্মকর্তাদেরকে তার পক্ষ থেকে অভিনন্দন জানান। তিনি বলেন যে যেখানে অন্যান্য প্রকল্পগুলো সময় বর্ধিত করে সেখানে ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টলাইজার প্রকল্প নির্ধারিত সময়ের প্রায় আড়াই মাস পূর্বেই সফলভাবে পরিক্ষামূলকভাবে ইউরিয়া সার উৎপাদনে যেতে পেরেছে। যা বিসিআইসি তথা শিল্প মন্ত্রণালয়ের জন্য একটি মাইল ফলক।

দক্ষিণ এশিয়ার পরিবেশবান্ধব সর্ববৃহৎ এই সার কারখানাটির বছরে উৎপাদন সক্ষমতা ৯,২৪,০০০.০০ (নয় লক্ষ চব্বিশ হাজার) মেট্রিক টন। সার উৎপাদনের জন্য কাচামাল হিসেবে ব্যবহৃত প্রাকৃতিক গ্যাসের সরবরাহ ঠিক থাকলে কৃষি কাজের জন্য বাংলাদেশকে আর বিদেশ থেকে অতিরিক্ত সার আমদানি করতে হবে না। এতে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রার সাশ্রয় হবে। প্রকল্পে প্রথম ইউরিয়া ড্রপিং কার্যক্রম সরেজমিনে পরিদর্শন শেষে শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, এমপি, নরসিংদী-২, শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ও সংস্থার চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয় প্রকল্পের সাধারণ ঠিকাদার (MHI & CC7) সহ প্রকল্পের কর্মকর্তাদের সাথে এক মত বিনিময় সভায় মিলিত হন। সভার সভাপতি প্রকল্প পরিচালক সভাকে অবগত করেন যে, মাননীয় শিল্প মন্ত্রী মহোদয়, প্রতি মন্ত্রী, এমপি, মন্ত্রণালয়ের সিনিয়র সচিব এবং চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয়ের সহযোগিতা ও প্রকল্পের সাধারণ ঠিকাদারের পরিকল্পনা অনুযায়ী কর্ম সম্পাদনের জন্যই প্রকল্পটি নির্ধারিত সময়ের পূর্বেই এ্যামোনিয়া এবং ইউরিয়া সার উৎপাদন শুরু করতে পেরেছে। সভায় বর্তমান সময় পর্যন্ত প্রকল্পের সার্বিক অগ্রগতিতে প্রধান অতিথি সহ বিশেষ অতিথিগণ সন্তুষ্টি প্রকাশ করেন এবং প্রকল্পের সর্বস্তরের কর্মকর্তাসহ প্রকল্প পরিচালক-কে ধন্যবাদ জ্ঞাপন করেন।









n

